

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫১৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ রম্যানে স্ত্রী সহবাসকারী ব্যক্তির উপর যদি বিরতিহীনভাবে দুই মাস সিয়াম রাখা ওয়াজিব হয়, অতঃপর অবহেলা করার কারণে তা পালন না করে মারা যায়, তবে তার মৃত্যুর পর সেই সিয়াম তার পক্ষ থেকে আদায় করতে হবে মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْمُوَاقِعَ أَهْلَهُ فِي رَمَضَانَ إِذَا وَجَبَ عَلَيْهِ صِيَامُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ فَقُرَّط فِيهِ إِلَى أَنْ نَزَلَتِ الْمَنِيَّةُ بِهِ قُضي الصَّوْمُ عَنْهُ بَعْدَ مَوْتِهِ

আরবী

3519 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى حَدَّتَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّتَنَا أَبُو خَالِدٍ الْأَحْمَرُ عَنِ الْأَعْمَشِ عَنِ الْحَكَمِ وَسَلَمَةَ بْنِ كُهَيْلٍ وَمُسْلِمٍ الْبَطِينِ عَنْ سَعِيدِ بْنِ جَابَدٍ الْأَحْمَرُ عَنِ الْأَعْمَشِ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جَاءَتِ امْرَأَةٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم جُبَيْرٍ وَمُجَاهِدٍ وَعَطَاءٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جَاءَتِ امْرَأَةٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَتْ: إِنَّ أُخْتِي مَاتَتْ وَعَلَيْهَا صِيَامُ شَهْرَيْنِ مُتَتَابِعِيْنِ قَالَ: (أَرَأَيْتِ لَوْ كَانَ عَلَى أُختِكِ دَينٌ أَكُنْت تَقْضِينَهُ)؟ قَالَتْ نَعَمْ قَالَ: (فحقُّ الله أَحَقُّ).

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 13519 خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (3/ 261 ـ 261) ، ((التعليق على صحيح ابن خزيمة)) (3/ 223 و 272): ق.

বাংলা

৩৫১৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক মহিলা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "আমার বোন মারা গিয়েছে, তার উপর বিরতিহীনভাবে দুই মাস সিয়াম পালন ওয়াজিব ছিল।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমার কি অভিমত, যদি তোমার বোনের ঋণ থাকতো, তবে তুমি কি তা পরিশোধ করতে?" সেই নারী বলেন, "জ্বী, হ্যা। "তখন তিনি বলেন, "তবে আল্লাহর হক আদায় করা বেশি উপযুক্ত।"[1]



ফুটনোট

[1] তিরমিয়ী: ৭১৭; সহীহ মুসলিম: ১১৪৮; ইবনু মাজাহ: ১৭৫৮; সুনান বাইহাকী: ৪/২৫৫; দারাকুতনী: ২/১৯৫; বাগাবী: ১৭৭৪; মুসনাদ আহমাদ: ১/২৫৮; সহীহুল বুখারী: ১৯৫৩; তাবারানী: ১২৩৩০; আবূ দাউদ: ৩৩১০; নাসাঈ: ৭/২০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/২৬১-২৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন